মেহেরপুরে তারেক রহমানের ৫৬তম জন্ম বার্ষিকী পালন

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৫৬তম জন্ম বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে করোনা প্রভাবে ক্ষতিগ্রস্থ প্রান্তিক ও গরীব চাষীদের মধ্যে বিনামুল্যে শস্যবীজ ও কীটনাশক বিতরণ কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে।
শুক্রবার সকালে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন এ কর্মসূচীর উদ্বোধন করেন। অনুষ্ঠানে অন্যদের বক্তব্য দেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক বদরুদ্দিন বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক (মুজিবনগর) আব্দুর রশিদ, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শাহাবদ্দিন মোল্লা, জেলা কৃষকদলের যুগ্ম আহবায়ক আরমান আলী, জেলা মুক্তিযোদ্ধা দলের সাংগঠনিক সম্পাদক আঃ গণি, জেলা যুবদল সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা যুবদলের যুগ্ম সম্পাদক মেহেদী হাসান রোকন, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, মুজিবনগর উপজেলা শ্রমিকদলের সভাপতি হাজী মশিউর রহমান, জাসাস এর জেলা সভাপতি মাহফুজুর রহমান অশেষ ও সাধারন সম্পাদক বাকাবিল্লাহ,জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদ।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ-সভাপতি আব্দুল আল-মামুন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের আহবায়ক আকিব জাভেদ সেনজির, সদস্য সচিব আকিরুল ইসলাম, সদর উপজেলা ছাত্রদলের আহবায়ক বখতিয়ার খালিদ বুলবুল, সদস্য সচিব রাশিদুল ইসলাম রাজন, পৌর ছাত্রদলের আহবায়ক তৌফিক এলাহী, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রদলের আহবায়ক ফাহিম আহনাফ লিংকনসহ জেলা বিএনপির অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ। অনুষ্ঠানে বেগম খালেদা জিয়ার শারিরীক সুস্থতা কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়।

হরিণাকুন্ডুতে উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে মাস্ক বিতরণ

মহামারি করোনা ভাইরাস এর দ্বিতীয় ঢেউ প্রতিরোধে প্রধান মন্ত্রীর নিদের্শনা মোতাবেক উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে বুধবার ও বৃহস্পতিবার দিনব্যাপী সচেতনতা মূলক আলোচনা সভা ও মাস্ক বিতরণ করা হয়।

হরিণাকুন্ডু উপজেলা কার্যালয়ের সামনে থেকে বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে মাস্ক বিতরণ করেন উপজেলা আওয়ামী লীগ সভাপতি আলহাজ্ব মশিউর রহমার জোয়ার্দ্দার।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আজগর আলী মাস্টার, যুগ্ম-সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম, পৌর মেয়র শাহিনুর রহমান রিন্টু, উপজেলা যুবলীগের আহবায়ক আশরাফুল হক জুয়েল, আ‘লীগ নেতা রবিউল ইসলাম পিলু মল্লিক, বাবু সঞ্জয় কুমার রায় চৌধুরী, পৌর যুবলীগের সভাপতি আবু সাইদ টুনু, সাবেক ছাত্রলীগ সভাপতি রফিকুল ইসলাম, সাদিক আহম্মেদ সুমন, তৈয়বুর রহমান, ছাত্রলীগ আহবায়ক রিগান আলী।

এছাড়া উপজেলা আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, বঙ্গবন্ধু সৈনিক লীগসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা কর্মীরা মাস্ক বিতরণ ও সচেতনতা মূলক কর্মসূচিতে অংশ গ্রহণ করেন।

মিরপুরে মাহবুব উল আলম হানিফ ও তার স্ত্রীর রোগমুক্তির জন্য দোয়া মাহফিল

কুষ্টিয়ার মিরপুরে বাংলাদেশ আওয়ামী লীগ’র যুগ্ম-সাধারণ সম্পাদক কুষ্টিয়া-৩ (সদর) আসনের সংসদ সদস্য মাহবুবউল আলম হানিফ ও তার

স্ত্রী ফৌজিয়া আলম’র রোগমুক্তির জন্য দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১৯ নভে¤\^র) সকালে উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে উপজেলা অডিটরিয়ামে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

উপজেলা আওয়ামীলীগের সভাপতি অ্যাড. আব্দুল হালিমের সভাপতিত্বে এ সময়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা লিংকন বিশ্বাস, পৌর মেয়র হাজী এনামুল হক, উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, মিরপুর থানার অফিসার ইনচার্জ গোলাম মোস্তফা, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার নজরুল করিম, আফতাব উদ্দিন খান, পোড়াদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ারুজ্জামান বিশ্বাস মজনু প্রমুখ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিন।

দোয়া মাহফিল পরিচালনা করেন উপজেলা পরিষদ জামে মসজিদের ঈমাম আলহাজ্ব হাফেজ মাওঃ আব্দুল মতিন।

পরে এতিমদের মাঝে থাবার বিতরণ করা হয়।

ঝিনাইদহে জেলা বিএনপির সাথে কেন্দ্রীয় সেচ্ছাসেবক দলের মতবিনিময় সভা

ঝিনাইদহ জেলা বিএনপির সাথে কেন্দ্রীয় সেচ্ছাসেবক দলের নেতৃবৃন্দের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যায় শহরের এইচএসএস সড়কে দলটির কর্যালয়ে জেলা বিএনপির আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক জাহিদুজ্জামনা মনার সভাপতিত্বে

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. এম এ মজিদ, কেন্দ্রীয় স্বেচ্ছাসেক দলের সহ-সভাপতি আলহাজ্ব জামির হোসেন,

খুলনা বিভাগীয় সহ-সভাপতি তৈয়বুর রহমান, কেন্দ্রীয় কমিটির যুগ্মসম্পাদক ডি জেড এম হাসান বিন শফিক, সহ-সাধারণ সম্পাদক মোফাজ্জেল হোসেন নিটোল, আকরাম হোসেন, খুলনা বিভাগীয় সহ সাংগঠনিক সম্পাদক গালিব ইমতিয়াজ নাহিদ, কেন্দ্রীয় কমিটির সহ-সাধারণ সম্পাদক এ্যাড. শহীদুল ইসলাম, কোষাধ্যক্ষ কামরুজ্জামান জাপান, সহ-সাংগঠনিক সম্পাদক রবিউল ইসলাম পলাশ, জেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক আক্তারুজ্জামান, এ্যাড, মুন্সী কামাল আজাদ পান্নু।

বক্তারা, দলকে সুসংগঠিত করে আগামী দিনে আন্দোলন সংগ্রাম সফল করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।

চুয়াডাঙ্গা তারেক জিয়ার জন্মদিন পালনে পুলিশি বাধা

চুয়াডাঙ্গায় তারেক জিয়ার জন্মদিন উপলক্ষে এক আনন্দ মিছিলের আয়োজন করে চুয়াডাঙ্গা জেলা বিএনপি।

গতকাল বিকাল ৪ টার সময় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে সমবেত হয়ে মিছিল নিয়ে প্রধান সড়কে উঠলে পুলিশের বাধায় তা পন্ড হয়।

পরে সাহিত্য পরিষদ চত্বেও জেলা যুবদলের যুগ্মসম্পাদক ও চিতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল সালাম বিপ্লব এর সভাপতিত্বে এক বিক্ষব সমাবেশে অনুষ্ঠিত হয়।

এ সময় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান।

আরো বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা যুবদলের সহ-সভাপতি তরিকুল ইসলাম সোহেল, সহ-সাংগঠনিক সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, জেলা

যুবদলের সদস্য খায়রুল আলম, রফিকুল ইসলাম, চৌধুরী আলম বাবু, নাজমুল হক, সদর থানা যুবদলের নেতা ইমরান মহলদার রিন্টু, হামিদুল ইসলাম হামিদ, হাবিবুর রহমান জোয়ার্দার মানিক, আবু হেনা,

পৌর যুবদলের যুগ্ম আহবায়ক অপু মালিক, আলমডাঙ্গা পৌর যুবদলের সদস্য সচিব মো: সাইফুদ্দিন আলম কনক, যুগ্ম আহবায়ক হাফিজুর রহমান, রোকনুজ্জামান রোকন, শামিম হাসান, সুমন, হাসান মালিক, আজিজুল আজিজ, শিপলু, আব্দুল সামাদ, ফজলু, মামুন, ফারুক প্রমুখ।

মাহবুব উল আলম হানিফ’র সুস্থতা কামনায় দোয়া মাহফিল

বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ’র সুস্থতা ও দীর্ঘায়ু কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

কুষ্টিয়া সিটি কলেজের আয়োজনে মঙ্গলবার সকালে জেলা কলেজ মিলনায়তনে এ দোয়া মোনাজাত পরিচালনা করা হয়।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ আন্তাজ উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়া সিটি কলেজের স্থপতি ও পৌরসভার প্যানেল মেয়র আলহাজ্ব মতিয়ার রহমান মজনু।

এ সময় তিনি বলেন, মাহবুবউল আলম হানিফ একজন জননেতার প্রতিকৃতি। কুষ্টিয়ার উন্নয়নকে এগিয়ে নিয়েছেন প্রাণপন প্রচেষ্টায়।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, সিটি কলেজের পৌরনীতি বিভাগের সহকারী অধ্যাপক হাসাবুল ইসলাম, ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক ওবাইদুর রহমান, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মেহিত কুমার বিশ্বাস, ইসলামের ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক ড. আরজুমান্দ আরা, আইসিটি বিভাগের সহকারী অধ্যাপক আশাদুল হকসহ শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীরা।

দোয়া মোনাজাত পরিচালনা করেন আইসিটি বিভাগের সহকারী অধ্যাপক

কোটচাঁদপুরে যুব লীগের আনন্দ মিছিল

ঝিনাইদহ-৩ আসনের সাবেক সংসদ সদস্য মোঃ নবী নেওয়াজ কেন্দ্রীয় যুব লীগের প্রেসিডিয়াম সদস্য হওয়ায় আনন্দ মিছিল করেছেন কোটচাঁদপুর যুব লীগ।

গতকাল সোমবার বিকালে কোটচাঁদপুর পৌর শহরের যুব লীগ কার্যালয় থেকে মিছিলটি বের হয়। শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে দলীয় কার্যালয়ে এসে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয় মিছিলটি।

কোটচাঁদপুর উপজেলা যুবলীগের আহবায়ক মীর মনিরুল আলমের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন বলূহর ইউনিয়নের চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা আব্দুল মতিন, উপজেলা কৃষক লীগের আহবায়ক শাহাজান আলী,

উপজেলা যুব লীগের সাবেক সভাপতি মীর কাশেম আলী, যুগ্ম আহবায়ক আশরাফুল আলম খোকন, আজম বিশ্বাস, যুব লীগ নেতা রবিউল ইসলাম রবি, হামিদুল ইসলাম, পৌর যুবলীগের সভাপতি মেহেদী হাসান বুলবুল, সাধারণ সম্পাদক শেখ সোহেল আরমান প্রমুখ।

ঝিনাইদহে বিএনপির প্রতিবাদ সমাবেশ

ঢাকা-১৮ ও সিরাজগঞ্জ-১ সংসদীয় আসনে উপনির্বাচনের ফলাফল বাতিল ও নাশকতার মামলায় বিএনপি নেতাকর্মীদের ধরপাকড়ের প্রতিবাদে ঝিনাইদহে সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

রোববার সকালে শহরের এইচএসএস সড়কের দলটির জেলা কার্যালয়ে এ কর্মসূচির আয়োজন করে জেলা বিএনপি।

জেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক আক্তারুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন,

মৎস্যজীবীদল কেন্দ্রীয় কমিটির যুগ্ম-সম্পাদক এ কে এম ওয়াজেদ আলী, সদর থানা বিএনপির আহ্বায়ক কামাল আজাদ পান্নু, সদস্য সচিব আলমগীর হোসেন, পৌর বিএনপির আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাস, সদস্য সচিব মাহবুবুর রহমান শেখর, যুবদল নেতা আশরাফুল ইসলাম পিন্টু, ছাত্রদল নেতা মুশফিকুর রহমান মানিক প্রমুখ।

বক্তারা, ২ টি উপ-নির্বাচন পাতানো ও জালিয়াতি উল্লেখ করে পুনরায় নির্বাচনের দাবি জানান। সেই সাথে বিএনপির নেতাকর্মীদের নামে মামলা দায়ের ও গ্রেফতারের প্রতিবাদ জানান।

কেন্দ্রীয় যুবলীগের সদস্য পদ পেলেন মেহেরপুরের বাবু মল্লিক, রেজা ও জাকির

কেন্দ্রীয় আওয়ামী যুব লীগের সদস্য পদ লাভ করেছেন মেহেরপুরের তিন রাজনীতিক। তারা হলেন মুজিবনগরের জেমস মল্লিক স্বপন বাবু, গাংনীর রেজাউল ইসলাম ও জাকিরুল ইসলাম।

আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক মাইনুল ইসলাম নিখিল পুর্নাঙ্গ কমিটির অনুমোদন দেন।

মেহেরপুরের তিন রাজনীতিক যুবলীগের কেন্দ্রীয় কমিটিতে স্থান পাওয়ায় তাদের অভিনন্দন জানিয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য ও মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস

ইমনসহ রাজনীতিকরা।

জেমস স্বপন মল্লিক বাবু মুজিবনগর উপজেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে দায়ত্ব পালন করেছেন। গাংনীর রেজাউল ইসলাম কেন্দ্রীয় ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

কুষ্টিয়ার দৌলতপুরের তারেক আল মামুন হলো নির্বাহী কমিটির সদস্য। ঢাঃবিঃ ছাত্রলীগের ও কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি ছিল।

মেহেরপুরে বিভক্ত যুবলীগের পৃথক প্রোগ্রাম, একে অপরের কাদা ছোড়াছুড়ি

মেহেরপুরে জেলা যুবলীগের ব্যানারে পৃথকভাবে পালন করা হয়েছে যুবলীগের ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী। প্রায় ৫ বছর ধরে আহবায়ক কমিটির আহবায়ক মাহফুজুর রহমান রিটন এর নেতৃত্বে মেহেরপুর কমিউনিটি সেন্টারে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

এ উপলক্ষে মাহফুজুর রহমান রিটন এর সভাপতিত্বে বিশেষ আলোচনা সভা ও কেক কাটার আয়োজন করা হয়। অন্য দিকে জেলা যুবলীগের ব্যানারে একই কমিটির ২ নং যুগ্ম-আহবায়ক সরফরাজ হোসেন মৃদুলের নেতৃত্বে পালিত হয় যুবলীগের ৪৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী ও বিশেষ আলোচনা সভা।

সভায় ভার্চুয়াল কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

একই ব্যানারে পৃথক প্রোগ্রাম নিয়ে কাদা ছোড়াছুড়ি করেছেন নেতারা, দুষছেন একে অপরকে। জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন তার বক্তব্যে বলেন, এখন অনেকের যুবলীগ করতে শখ হয়েছে। যারা

যুবলীগকে টেন্ডার বাজ বলতো, যারা এই যুবলীগকে সন্ত্রাসলীগ বলতো তারাই আজ যুবলীগ করতে চায়।

যারা মাদক নিয়ে পড়ে থাকতো , যারা মাদক সম্রাট নামে পরিচিত তারাই আজ যুবলীগকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। যাদের আমরা মাদকের জন্য যুবলীগ থেকে বহিষ্কার করেছি তারাই আজ আরেক জায়গায় যুবলীগ নেতা সেজেছে। নির্বাচনের সময় যুবলীগকে প্রয়োজন হয়, নির্বাচন চলে গেলে প্রয়োজন হারিয়ে যায়।

মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেক বলেন, আজকের অনুষ্ঠানে আসার সময় অনেকেই মটরসাইকেলের সামনে হাত দিয়েছে। একটি কুচক্রী মহল যুবলীগকে নষ্ট করার জন্য বিভিন্ন পায়তারা সৃষ্টি করছে। নদীর পানি বন্যার সময় বাড়ে, সময় হলে সব শুকিয়ে যাবে।

জেলা যুবলীগের আহবায়ক কমিটির সদস্য সাজিদুর রহমান সাজু বলেন, একটি কুচক্রী মহল, নামধারী জেলা যুবলীগের ব্যানার ব্যবহার করে গাংনী উপজেলা যুবলীগের কিছু কুলাঙ্গার মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটনের কটুক্তি করেছেন। গাংনীর ঐ কুলাঙ্গারকে আমি স্পষ্ট বলতে চাই আপনি ভাষা ঠিক করুন।

আপনার মত স্কুল ব্যবসা করে, শিক্ষক নিয়োগে বাণিজ্য করে বহিষ্কার হওয়া নেতা রিটন না। আপনাকে দুই দুইবার শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি থেকে বহিষ্কার করা হয়েছিল। মেহেরপুরের মাটিতে এই ধরনের কথা বললে ভবিষ্যতে দাঁতভাঙ্গা জবাব দেবো। তিনি ২ নং যুগ্ম-আহবায়ক সরফরাজ হোসেন মৃদুলের উদ্দেশ্যে বলেন, আপনি বলেছেন বর্তমান কমিটি অবৈধ কমিটি। আপনি এই কথা বলতে পারেন না। অনতিবিলম্বে এর শাস্তি দাবি করছি।

অন্যদের মধ্যে বক্তব্য দেন, মেহেরপুর জেলা যুবলীগের সদস্য ইউনুস আলী, মাহাবুব হাসান ডালিম, মেহেরপুর সদর উপজেলা যুবলীগের যুগ্ম-আহ্বায়ক মিজানুর রহমান অপু, শহর যুবলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক শহীদুজ্জামান সুইট, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক রাইহান উদ্দিন, বাগোয়োন ইউনিয়ন যুবলীগের সভাপতি বাবুল মল্লিক, সাধারণ সম্পাদক আজিজুর রহমান মংলা, আমদহ ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক আবদুস সামাদ, মোনাখালী ইউনিয়নের সাধারণ সম্পাদক শান্তি রাজ, মহাজনপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি মফিজুর রহমান মজনু, সাধারণ সম্পাদক মিঠু, বুড়িপোতা ইউনিয়ন যুবলীগের সভাপতি উজ্জ্বল হোসেন, সাধারণ সম্পাদক রুমেল মোল্লা।

হয়। আজকের প্রোগামে আমি কোন কাদা ছোড়াছুড়ি দেখিনি। তাছাড়া বরাবরই আমি দেখে আসছি সবাই একসাথে থাকতে চাইনা।

হাসাদাহ প্রতিনিধি জানান, জীবননগর উপজেলার হাসাদাহে যুবলীগের ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। গতকাল বুধবার বিকালে হাসাদাহ ইউনিয়ন যুবলীগের সভাপতি জুম্মাত আলী মন্ডলের আয়োজনে কেক কেটে ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন হাসাদাহ ইউনিয়নের ৫ নং ওয়ার্ড আ.লীগের সভাপতি শুকুর মন্ডল, যুবলীগের সহ-সভাপতি মিন্টু আলী, লালন মন্ডল, আরিফ হোসেন, ইউনুচ মন্ডল, রহিম রহমান, টুটুল রহমান প্রমুখ।
চিৎলা প্রতিনিধি জানান, বাংলাদেশ আওয়ামী যুবলীগের ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগের পক্ষে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

গতকাল বুধবার বিকালে চিৎলা ইউনিয়নের কুলপালা গ্রামে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগের যুগ্ম-আহবায়ক জনাবঃ শাহ্ আল ইমরান। এ সময় সভাপতির বক্তব্যে জনাব শাহ্ আল ইমরান বলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক জনাব নঈম হাসান জোঃ এর হাতকে শক্তিশালী করার জন্য আমাদের প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। এই সময় উপস্থিত ছিলেন, সুরুজ মল্লিক, হিটলার, ইয়াসিন শাহ্, নাঈম শাহ, রোমিও শেখ, আসিফ ইকবাল, রিফাত, ইমেজ, শাকিল মন্ডল, তানভীর শাহ্, নাজমুল শাহ্, রাজিব শাহ, সাজু প্রমুখ।

কোটচাঁদপুর প্রতিনিধি জানান, বর্ণাঢ্য আয়োজনের মধ্যে দিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে বাংলাদেশ আওয়ামী যুবলীগের ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে বুধবার বিকালে পৌর যুবলীগের উদ্যোগে শহরের পায়রা চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেইন বাজারে পৌর যুবলীগ কার্যালয়ে শেষ হয়। পরে পৌর যুবলীগের সভাপতি মেহেদী হাসান বুলবুল ও সাধারণ সম্পাদক শেখ সোহেল আরমানের উপস্থিতিতে পৌর যুবলীগ কার্যালয়ে প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন। বিশেষ অতিথি হিসেবে ছিলেন, যুগ্ম-আহ্বায়ক রাশেদুল ইসলাম রাশেদ, যুগ্ম-আহ্বায়ক শফিকুল ইসলাম শিমুল।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, পৌর

আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন, যুগ্ম-আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম, সাবেক যুবলীগ সভাপতি মীর কাশেম আলী, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, ইউপি চেয়ারম্যান আব্দুল মতিনসহ স্থানীয় আ.লীগ, যুবলীগ ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা- কর্মীরা।
মেপ্র/এমএফআর